### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত

**শিরোরোগান্তক তৈল**

ও

**শিরোরোগান্তক ঔষধ**

উর্দ্ধশ্লেষ্মাজনিত মাথা ভার, মাথা কামড়ান এই তৈল ও ঔষধব্যবহারে প্রশমিত হয়। মূল্য তৈল এক শিশ ২৷৹ টাকা ঔষধ ২ সপ্তাহ ১৲ টাকা।
চ্যবনপ্রাশ /১ সের (৮০ তোলা) ১০৲ টাকা
মকরধ্বজ ১ তোলা ৮৲ টাকা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৪ই বৈশাখ বুধবার ১৩৫৬ ইংরাজী 27th Apr 1949 | ৪৮শ সংখ্যা



সাবানের সেরা

## রায়সন সাবান

ব্যবসাদারদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।

পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—

রায়সন কেমিক্যাল কোং

খাগড়া

( পুরাতন পোষ্ট অফিসের গলি )

## বরফ

বাজারে বাহির হচ্ছে

স্থানীয় এজেন্সীর

ও

অন্যান্য সর্ত্তাবলীর জন্য

খোঁজ লউন।

বিনীত—

বহরমপুর আইস্ কোং

খাগড়া

( পুরাতন পোষ্ট অফিসের গলি )

## ১৯০৭—১৯৪৭

'স্বদেশী যুগে'র প্রারম্ভে রবীন্দ্রনাথের পৈতৃক ভবন, জোড়াসাঁকোর সুপ্রসিদ্ধ ঠাকুরবাড়ীতে রবীন্দ্রনাথ প্রমুখ কয়েকজন দেশপ্রাণ মনীষী 'হিন্দুস্থান'-এর গোড়াপত্তন করিয়াছিলেন। তাঁহাদের উদ্দেশ্য ছিল,—জীবন-বীমার দ্বারা ব্যক্তি ও জাতির আর্থিক-উন্নতি সাধন করা। এ বিষয়ে 'হিন্দুস্থান' পূর্ব্বাপর দেশবাসীর নিকট হইতে সর্ব্বান্তরিক সহযোগিতা লাভ করিয়া আসিতেছে এবং গত ৪১ বৎসরের জন-সেবায় ইহা আজ ভারতের অন্যতম সর্ব্ববৃহৎ বীমা-প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। ১৯৪৭ সালের সোসাইটির অসামান্য সাফল্যেই তাহার পরিচয় পাওয়া যায়।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| নূতন বীমা | ... | ১২ কোটি | ৩১ লক্ষ | টাকার | উপর | |
| মোট চল্‌তি বীমা | ... | ৫৫ ,, | ৬৩ ,, | ,, | ,, | |
| প্রিমিয়ামের আয় | ... | ২ ,, | ৬১ ,, | ,, | ,, | |
| বীমা তহবিল | ... | ১০ ,, | ৬৩ ,, | ,, | ,, | |
| মোট সংস্থান | ... | ১১ ,, | ৬৪ ,, | ,, | ,, | |
| দাবী শোধ [ ১৯৪৭ ] | ... | প্রায় ৫৪ লক্ষ টাকা | | | | |

কিন্তু হিন্দুস্থানের গর্ব্ব তাহার এই সকল কোটি কোটি টাকার অঙ্কে নহে, সে যে তাহার অকুণ্ঠ সেবা দ্বারা অসংখ্য পরিবারের অর্থসংস্থান করিয়া দিতে পারিতেছে, ইহাই তাহার প্রকৃত গর্ব্বের বিষয়।

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

এক ইঞ্চ হবে



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৪ই বৈশাখ বুধবার সন ১৩৫৬ সাল

## একি জিজিয়া ?

—:০:—

মুসলমান রাজত্বকালে প্রত্যেক অমুসলমান প্রজার নিকট হইতে জন প্রতি কর আদায়ের ব্যবস্থা ছিল। এই করের নাম জিজিয়া।

মহাত্মা গান্ধীর তিরোভাবের পর নেতৃবৃন্দ তাঁহার স্মৃতি রক্ষার জন্য "গান্ধী জাতীয় স্মৃতি-ভাণ্ডার" নাম দিয়া এক ভাণ্ডার খুলিয়া অর্থ সংগ্রহ করিতে আরম্ভ করেন। প্রত্যেক ভারতবাসীকে তাহার দশ দিনের আয় এই ভাণ্ডারে দান করিতে অনুরোধ করা হয়। পল্লীতে পল্লীতে মাতব্বর ব্যক্তিরা এই ভাণ্ডারে অর্থ সংগ্রহ করিবার ভার-প্রাপ্ত হন। ভূতপূর্ব্ব রাষ্ট্রপতি আচার্য্য কৃপালনীর স্বাক্ষরিত রসিদ চাঁদাদাতাকে দিবার জন্য প্রদান করা হয়। যাহার দিনগত পাপক্ষয় করা কঠিন, তাহার নিকট জুলুম করিয়া টাকা আদায় করা হউক—এ নির্দ্দেশ নেতৃবৃন্দ নিশ্চয়ই দেন নাই। আমরা শুনিয়া স্তম্ভিত ও ভীত হইলাম—যে আমাদের জঙ্গিপুর মহকুমার রঘুনাথগঞ্জ থানার কোন এক ইউনিয়নে যে গৃহস্থের রেশন কার্ডে যত জন জীবন্ত মনুষ্যের সংখ্যা আছে, তাহার নিকট হইতে তত টাকা আদায় হইয়াছে। "গান্ধী জাতীয় স্মৃতি ভাণ্ডারে" অর্থ আদায়ের এই অভিনব পন্থা কোন্ সহৃদয় উর্ব্বর-মস্তিষ্ক সম্পন্ন ব্যক্তির দ্বারা আবিষ্কৃত হইয়াছে? তিনি মহাত্মার স্বর্গীয় আত্মার তৃপ্তি সাধনের জন্য যে তর্পণ আরম্ভ করিয়াছেন, তাহাতে মহাত্মাজীর আশীর্ব্বাদ না অভিসম্পাত লাভ করিবেন তাহা তিনিই জানেন। মহাত্মাজীর কোনও স্বপ্নাদেশ তিনি পাইয়াছেন, না নেতৃবৃন্দের দ্বারা অনুপ্রাণিত হইয়া এই পুণ্য কর্ম্ম আরম্ভ করিয়াছেন? কোনও সহৃদয় রাজপুরুষ গ্রামে গ্রামে গিয়া স্বয়ং যদি এই নিষ্ঠুর সংকার্য্যের তদন্ত করেন, তবে সহজেই উপলব্ধি করিতে সমর্থ হইবেন যে স্বাধীন দেশে যথেচ্ছাচারিতার তাণ্ডব নৃত্য কেমন চলিতেছে।

পল্লীগ্রামের হর্ত্তা-কর্ত্তা বিধাতা এই সব বীরপুরুষ—

নরম যে তার ব্যাঘ্র,<br>
গরম যে তার ছুঁচো।<br>
চৌকীদারের কেউটে সাপ<br>
(আর) হাকিম দেখলেই কেঁচো।

গ্রামের নিরীহ নিরন্ন দরিদ্র এঁদের বিরুদ্ধে বলিতে ভয় পায়—পাছে কোন্ ফেরেব্বায় ফেলে দিয়ে জব্দ করে এই আশঙ্কা। আমরাও ভয় করি—সেইজন্য এখনও ইউনিয়নের নাম করিতে পারি নাই।

তবে যদি কোনও হৃদয়বান্ শাসক বা নেতা ইহার সত্যতা জানতে ইচ্ছা করেন, তবে তাঁহাকে এক নম্বর ইউনিয়ন হইতেই অনুসন্ধান করিতে অনুরোধ করি।

## জঙ্গীপুর মহকুমা রবীন্দ্র জন্মোৎসব

আগামী ২৫শে বৈশাখ রবিবার জঙ্গীপুর মহাবীর টকিজ হলে বিশেষ উদ্দীপনার সহিত রবীন্দ্র-জন্মোৎসব অনুষ্ঠিত হইবে। স্থানীয় এবং বহিরাগত শিল্পীদের নাচ, গান ও আবৃত্তি এই অনুষ্ঠানের সৌষ্ঠব বর্দ্ধন করিবে। কথাশিল্পী শ্রীগজেন্দ্র মিত্র, শ্রীসুমথ ঘোষ, ডক্টর উপেন্দ্র ভট্টাচার্য, আনন্দবাজার পত্রিকার সহযোগী সম্পাদক শ্রীজগদানন্দ বাজপেয়ী প্রভৃতি সাহিত্যিকগণ এই উপলক্ষ্যে এখানে আসিতেছেন। ইহা ছাড়া ডক্টর কালিদাস নাগ, শ্রীপ্রিয়রঞ্জন সেন, শ্রীমনোজ বসু, শ্রীসরোজ রায় চৌধুরী প্রভৃতি সাহিত্যিকগণ নানাভাবে এই জন্মোৎসব অনুষ্ঠানকে সফল করিয়া তুলিতে সাহায্য করিবেন। এই সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন স্থানীয় জনসাধারণের মধ্যে বিশেষ আগ্রহ ও উৎসাহের সঞ্চার করিয়াছে।

শ্রীবরুণ রায়<br>
সম্পাদক, প্রস্তুতি কমিটি।

## হোমিওপ্যাথিক ঔষধালয় বিক্রয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসের সন্নিকটে একটী চালু ডিস্পেন্সারীর ঔষধ ও সরঞ্জাম বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীসরস্বতী দাসী<br>
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ৯ই মে ১৯৪৯

১৯৪৮ সালের ডিক্রীজারী

৫৯৬ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং সোলেমান সেখ দিং দাবি ১৯৫০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকন্দরা ৩১ শতকের কাত ১৫/৯ আঃ ১০৲ দখলকার বসত প্রজা

৬৫৪ থাং ডিঃ অজিতকুমার রায় দিং দেং কুলেশচন্দ্র উপাধ্যায় দাবি ১০৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ১৯ শতকের কাত ‖০ আঃ ৫৲ খং ৩২১

৭৮ থাং ডিঃ সৌদামিনী দাসী দেং নির্ম্মলাবালা দাসী দাবি ৫৬৫৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখালিপুর ১৪/২১৶০ জমির কাত ১২৲ তন্মধ্যে দেন্দারের ⅓ অংশে হারাহারি মতে জমা ৬৲ আঃ ২৫৲ খং ১০৮।১০৯

৮০ মনি ডিঃ রাজেন্দ্রনারায়ণ সাহা দেং মনুরুদ্দিন ওরফে মনু সেখ দাবি ১২৬৷৬ থানা সুতী মৌজে বাহাগলপুর ৮৮ শতকের কাত ১‖/৮ তন্মধ্যে দেন্দারের পশ্চিমধারে ২৩ শতক ও তদুপরিস্থিত কুলগাছ ৬ পেড় খং ৪৮৯ আঃ ১০০৲

৫৫৫ থাং ডিঃ বিবি আমাতুস সুফিয়া দিং দেং লোকমান সেখ দিং দাবি ৫৭‖৶০ থানা সুতী মৌজে রগুনপুর ১-৯৪ শতকের কাত খারিজ বাদে ৩‖/১৭ খং ১৮৫ রায়ত স্থিতিবান

৫৫৬ থাং ডিঃ ঐ দেং খুদীমণি দাসী দিং দাবি ৩৬৶০ থানা সুতী মৌজে রগুনপুর ৪৪ শতকের কাত ‖/০‖০ আনা আঃ ১২৲ খং ২২৩ রায়ত মোকররী

৫৫৮ থাং ডিঃ ঐ দেং ধনঞ্জয় দাস দিং দাবি ৮৪৶০ থানা ঐ মৌজে সজনীপাড়া ১-৭৫ শতকের কাত ৯৫/৮‖ আঃ ৩০৲ খং ২৩৩ রায়ত স্থিতিবান

১৯৪৯ সালের ডিক্রীজারী

১২ থাং ডিঃ শ্যামাপদ নাথ দেং পুষ্পকুমার নাথ ওরফে মেঘু নাথ নাঃ পক্ষে পিসিমাতা ও স্বয়ং সরলাবালা দাসী দাবি ৩৩‖০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কালিয়াই ৮৩ শতকের কাত ৪‖০ খং ১৬০২ দখলীস্বত্ব বিশিষ্ট আঃ ১৫৲

১৯৪ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং গোপেশ্বর মিশ্র দাবি ৩৪/৬ থানা সুতী মৌজে মানিকপুর ২-৪৮ শতকের কাত ৪।৶০ আঃ ২০৲ খং ৪৬ রায়ত মোকররী

১৯৫ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং তরঙ্গিনী দেবী দিং দাবি ৩০৫/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেগুা জামুয়ার ১১-৫৪ শতকের কাত ৩৮‖৶০ আঃ ৩০০৲ খং ৬৯৮ রায়ত মোকররী

১৯৬ থাং ডিঃ ঐ দেং তামলু মণ্ডল ওরফে জিতেন

হবে না



মণ্ডল দিং দাবি ১৯।৩ মৌজাদি ঐ ৪৪ শতকের কাত ৩।/১০ আঃ ১৫৲ খং ৫১৪ রায়ত স্থিতিবান

২১১ খাং ডিঃ মহাদেবচরণ রায় দিং দেং সলিম মণ্ডল দাবি ২২৫৯ থানা সুতী মৌজে নুরপুর ২।০ জমির কাত ২৸/০ আঃ ১০৲ খং ১১৬৯।১০৫৫ স্থিতিবান স্বত্ব

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৬ই মে ১৯৪৯

### ১৯৩৮ সালের ডিক্রীজারী

১০৭২ খাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং গোলাম মণ্ডল দাবি ৩৪৵৩ থানা সাগরদীঘি মৌজে রতনপুর ৭৭ শতকের কাত ৩॥০ আঃ ১০৲ খং ১০২

১০৭৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩৸৵৬ মৌজাদি ঐ ২-৩১ শতকের কাত ৩৸৵৫ আঃ ১০৲ খং ১০১

১০৭৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫৸/৩ মৌজাদি ঐ ৭৯ শতকের কাত ৸৵০ আঃ ৮৲ খং ১০৫

### ১৯৪৮ সালের ডিক্রীজারী

২৭১ খাং ডিঃ মহাম্মদ মহঃশেন আলি দিং দেং রোস্তম আলি দিং দাবি ৬৭৶/৩ থানা সাগরদীঘি মৌজে বিনোদবাটী ৩ ১৪ শতকের কাত ১৩৸৵৯ আঃ ৬০৲ খং ১৪

৩১৩ খাং ডিঃ নশীপুর রাজ ওয়ার্ড ষ্টেট দেং উষাবালা বিশ্বাস দিং দাবি ২৬০৸৩ থানা সাগরদীঘি মৌজে বাড়ালা ৫-৫ শতকের কাত ৪২।/৯ আঃ ২৪০৲ খং ১১৮ রায়ত স্থিতিবান

৪৩৭ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং এসারুদ্দিন মোমিন দিং দাবি ১২।/৬ থানা সমসেরগঞ্জ মৌজে চাচণ্ড ১৭ শতকের কাত ॥৬ আঃ ২৲ খং ৫৯১ রায়ত স্থিতিবান

৩৭৩ খাং ডিঃ সেবাইত লক্ষ্মীনাথ লালা দেং ইনুস সেখ দাবি ২৬৶/০ থানা সাগরদীঘি মৌজে মোরগ্রাম ২০ শতকের কাত ১॥৯ পাই আঃ ১০৲ খং ৪৯৯

৫০৪ খাং ডিঃ গোরগোপাল মিত্র দিং দেং কুসুমখাতুন বিবি দিং দাবি ১৮।৵৯ থানা ফরক্কা মৌজে বেওয়া ৯ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ১৬৯০।১৬৯১

৫১১ খাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং ঘসনা সেখ দিং দাবি ১৩॥৵৯ থানা ফরক্কা মৌজে উত্তর ভবানীপুর ১-১০ শতকের কাত ॥০ আঃ ৫৲ খং ৫৬

২৯ মনি ডিঃ হীরেন্দ্রনাথ রায় মৃতাস্তে ওয়ারিশ প্রশান্তকুমার রায় দিং নাবালক পক্ষে আল মাতা ও স্বয়ং কৃষ্ণকনক রায় দিং দেং ধীরেন্দ্রনাথ রায় দিং দাবি ২১॥৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর বেন্দারগণের ৪র্থ পত্তনীস্বত্ব রকম ॥০ কালেক্টারী রাজস্ব ২০০৲ আঃ ৫০০৲

৩৮ মনি ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং হরিহর ঘোষাল দাবি ১০॥৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ২ একরের কাত ৫৸৵১০ আঃ ২০৲ খং ৯৫৪

৩৯ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ৯।৵৯ থানা ঐ মৌজে রামচন্দ্রবাটী ৫৭ শতকের কাত ৩৸১০ আঃ ১৫৲ খং ৭৭

৪০ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৶০ থানা ঐ মৌজে বিজয়পুর ১-৪৭ শতকের কাত ৯৶৩ আঃ ১৫৲ খং ২২

২৩ অন্য ডিঃ দি প্রভিন্সিয়াল গবর্ণমেণ্ট অফ বেঙ্গল দেং আফসর সেখ দিং দাবি ১৫।/৬ থানা সাগরদীঘি মৌজে রমণা সেখদীঘি ১০ শতকের কাত ৸৶০ আঃ ১০৲ খং ৪৯৪

৩০ খাং ডিঃ উমানাথ সিংহ দেং মাখনচন্দ্র সরকার দাবি ২৪৸৯ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ৫৯ শতকের কাত ২।৵০ আঃ ১০৲ খং ৫১৩ রায়ত মোকররী

৩১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৫।৵৩ মৌজাদি ঐ ১-৯৮ শতকের কাত ৮৸০ আঃ ২৫৲ খং ৫১৯ রায়ত স্থিতিবান

৩৪ খাং ডিঃ ঐ দেং দলবাসিনী দেবী দাবি ৭০॥৩ মৌজাদি ঐ ১-৯১ শতকের কাত ১২।৶৬ আঃ ৩৫৲ খং ৪৯৮ রায়ত স্থিতিবান

৫০ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দিং দেং খুহু মিস্ত্রি দিং দাবি ১৯৸৯ থানা সাগরদীঘি মৌজে মোরগ্রাম ৭ শতকের কাত ১।৶৩।০ আঃ ৫৲ খং ৫৩৩

৫১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৭।৶৩ মৌজাদি ঐ ৪-২০ শতকের কাত ১৩৸১৫ আঃ ২৫৲ খং ৫৩২

৫৬ খাং ডিঃ ঐ দেং হেলানাথ সাহু দিং দাবি ২৮।৶৬ মৌজাদি ঐ ১-৬৪ শতকের কাত ৮৶৭ আঃ ৫৲ খং ৩৪৯

৬৩ খাং ডিঃ অমরেন্দ্রনাথ দাস দিং দেং নেপাল ভুইমালি দাবি ১৪৵০ থানা সাগরদীঘি মৌজে কিসমত নিম্পিবিড়ল ৭ শতকের কাত ১।০ আঃ ৮৲ খং ২০

৬৫ খাং ডিঃ পার্ব্বতীচরণ রায় দিং দেং শ্যামাপদ সাহা দিং দাবি ৪১৸৵৯ থানা সাগরদীঘি মৌজে জাহাঙ্গীরবাদ ঠাকুরপাড়া ২-১৮ শতকের কাত ৬।০ আঃ ৬৲ খং ৯০ রায়ত-স্থিতিবান

৭৪ খাং ডিঃ বরদাচারী স্বামী দেং রামশীলা ভকত দিং দাবি ১১৯/০ থানা সাগরদীঘি মৌজে ঠাকুরপাড়া ১৪।৩৸৯ জমির কাত ২১।৵১৭॥ আঃ ৯০৲

৭৫ খাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং ভক্তিভূষণ বারিক দিং দাবি ৩৮৸৵০ থানা সাগরদীঘি মৌজে দোগাছি ১-৯২ শতকের কাত ৩।৶/৪ আঃ ৫৲ খং ১৭

৭৮ খাং ডিঃ বীরেন্দ্রনাথ মাহান্তা দেং মহম্মদ ইয়াদ হোসেন দাবি ৫৮৸৶/১০ থানা সাগরদীঘি মৌজে খাড়িগুর ২-১৬ শতকের কাত ৮/৪ আঃ ১০৲ খং ১৭৪ অধীনস্থ খং ১৭৫

৮০ খাং ডিঃ ঐ দেং ধীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় দিং দাবি ৪৮।৩ থানা ঐ মৌজে বেলুড়িয়া ৩৭ শতকের কাত ১।৶০ আঃ ৫৲ খং ১৯৯

৯৬ খাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং গোলাব মহম্মদ সেখ দাবি ৬৮৸৶/৩ থানা সাগরদীঘি মৌজে কাবিলপুর ২-৮০ শতকের কাত ১০।০ আঃ ১৫৲ খং ৪৫

৯৮ খাং ডিঃ ঐ দেং এহিয়া মহম্মদ সেখ দাবি ৪৭৸/৩ মৌজাদি ঐ ১-৮১ শতকের কাত ৭॥৩ আঃ ১০৲ খং ১০৪

৯৭ খাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং শৈলজাভূষণ দেং দাবি ৯৯।৩ থানা সাগরদিঘী মৌজে চণ্ডিগ্রাম, রঘুনাথপুর ১১-১১ শতকের কাত ১৯৲ আঃ ৮০৲ খং ৫

৮৪ খাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং কিরিটীভূষণ সাহা দিং দাবি ৪০/৬ থানা সাগরদিঘী মৌজে খাড়ুগ্রাম ১-৩০ শতকের কাত ৭৸৵৪ আঃ ১০৲ খং ১০৪

১১১ খাং ডিঃ বাগচী এষ্টেটের কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং আলাউদ্দিন মোল্লা দাবি ৫৬৸৯ থানা সাগরদিঘী মৌজে চাঁদপাড়া ১০০ শতকের কাত ৮৸০ আঃ ১০৲ খং ৭০২

১১২ খাং ডিঃ ঐ দেং হরিপদ সাহা দিং দাবি ৩৬॥৵০ মৌজাদি ঐ ১-২১ শতকের কাত ৫৶/০ আঃ ১০৲ খং ৭৪৩

১১৯ খাং ডিঃ ঐ দেং নুর মহাম্মদ দাবি ৩১।৯ থানা ঐ মৌজে বড়গড়া ৭০ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ৩৬৭

১ খাং ডিঃ শ্যামাচরণ গঙ্গোপাধ্যায় দিং সহ ডিঃ পঞ্চানন চৌধুরী দিং দেং ভূপতিভূষণ দাস দিং দাবি ১০২/০ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ৬-৪২ শতকের কাত ১৩।/৬।০ আঃ ২৫৲ খং ৬৮৯ রায়ত স্থিতিবান

৬৬ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী দিং দেং যোগেন্দ্রনাথ সাহা দিং দাবি ১৭৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে চাঁচণ্ড ৬০ শতকের কাত ২।/১০ আঃ ৯৲ খং ২১৩

[ পর পৃষ্ঠা দেখুন।

(পূর্ব্ব পৃষ্ঠার শেষ)

৪৫ খাং ডিঃ সেঃ রাজা ভূপেন্দ্রনারায়ণ সিংহ দিং দেং আবদুল রহমান বিশ্বাস দিং দাবি ২৯৮/৩ থানা সমসেরগঞ্জ মৌজে দোগাছি ১·৯৫ শতকের সেস ৷/৩ আঃ ২০৲ খং ১৫ নিষ্কর স্বত্ব

৮১ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং আবদুল কাদের বিশ্বাস দিং দাবি ২১৲ থানা ফরেক্কা মৌজে শিকারপুর,২১ শতকের কাত ৮/৩ আঃ ১০৲ খং ১৭

৮৩ খাং ডিঃ কণিকারাণী দেবী দেং গোপালচন্দ্র অধিকারী দিং দাবি ১১৷৶১০ থানা সমসেরগঞ্জ মৌজে দুর্গাপুর ৯ শতকের কাত ৷৵১ আঃ ৪৲ খং ৬১ রায়ত স্থিতিবান

৯০ খাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং রজনীকান্ত সরকার দিং দাবি ৩০৷৶০ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ৪/৩৲১০ জমির কাত ৪/৬ আঃ ২৫৲

৯৪ খাং ডিঃ ঐ দেং গৌরীশঙ্কর পাঁড়ে দিং দাবি ১৬৪৮৵৩ মৌজাদি ঐ ৩৫৷০৲৫ জমির কাত ২০৶০ আঃ ১২৫৲

১১৬ খাং ডিঃ ঐ দেং সেরমহাম্মদ মণ্ডল দিং দাবি ১৭৩৶৩ থানা ঐ মৌজে লোহরপুর ১৩৷০৲১৫ জমির কাত ২৮/৬ আঃ ১৪০৲

৩ মনি ডিঃ ভোলানাথ রায় চৌধুরী দিং দেং কালী কিঙ্করী দেবী দিং দাবি ৫০৷৶৬ থানা সাগরদিঘী;মৌজে দোহাইল ডাঙ্গাপাড়া ১০-৬৩ শতকের কাত ৬০/৬ তন্মধ্যে দেনদারের ১-৪৩ শতকের কাত হারাহারি মতে ২৷০ আঃ ১৫৲ খং.৬৫৯

---


মেট্রোপলিটন

ইন্সিওরেন্স কোং লিঃ

হেড অফিস—১১, ক্লাইভ রো


ক লি কা তা

এজেন্ট চাই

জঙ্গীপুরের পল্লী অঞ্চলের জন্য

অনুসন্ধান করুন।

শ্রীদুঃখভঞ্জন সান্যাল।



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত